



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ ঠা তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029


স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২০৭.১২-৩৪৩৮

তারিখঃ ২১/০১/২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্পের মাইক্রো-ফাইন্যান্স সফটওয়্যারে তথ্য এন্ট্রিকরণসহ কার্যক্রম পরিচালনা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পের ঋণ ও সঞ্চয় কার্যক্রম অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতার সাথে সম্পাদনের জন্য প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সহকারী পল্লী উন্নয়ন অফিসার ও হিসাব সহকারীদের সম্প্রতি চতুর্থ ধাপে মাইক্রো-ফাইন্যান্স এমআইএস ও এআইএস সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের আলোকে নির্ধারিত কাজ যথাসময়ে সম্পাদন করা খুবই জরুরী। তাই প্রকল্পভুক্ত সুফলভোগীদের সঞ্চয় ও ঋণ কার্যক্রমসহ প্রকল্প কার্যক্রমের প্রয়োজনীয় তথ্য সফটওয়্যারে এন্ট্রি প্রদান নিশ্চিত করতঃ এমআইএস ও এআইএস সফটওয়্যারে লাইভ কার্যক্রম পরিচালনা করতে হবে। উল্লেখ্য প্রকল্পের মাইক্রো-ফাইন্যান্স সফটওয়্যারে প্রতিদিনের কাজ প্রতিদিন সম্পাদন করতে হবে, অতীত তারিখে কাজ করার কোন সুযোগ থাকবে না।

এমতাবস্থায়, আগামি ২৮/০১/২০১৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রকল্প কার্যক্রমের প্রয়োজনীয় তথ্য সফটওয়্যারে এন্ট্রি প্রদান নিশ্চিত করতঃ এমআইএস ও এআইএস সফটওয়্যারে লাইভ কার্যক্রম পরিচালনা জন্য অনুরোধ করা হলো। বর্ণিত তারিখের মধ্যে নির্ধারিত কার্যক্রম সম্পাদনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন অফিসার ও হিসাব সহকারীর বেতন-ভাতা স্থগিত থাকবে। বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
উপজেলাঃ -----।
জেলাঃ -----।

অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা : -----।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), -----উপজেলা-----জেলা।
৫. হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা-----জেলা।
৬. অফিস কপি।